

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইফটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৪.১৭- ৪৯

তারিখ :- ২০.০২.২০১৮ খ্রিঃ।

বিষয় : ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন কাউরাট আকবর আলী দাখিল মাদরাসায় নব নিয়োগকৃত নিম্নমান সহকারি কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ সাদেকুল ইসলামের এমপিও ভুক্তির বিষয়ে আইনগত মতামত প্রসঙ্গে।

সূত্র : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ-এর স্মারক নং-উমাশিঅ/গৌরী/ময়মন/২০১৮/৪৮, তারিখ:- ০১.০২.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন কাউরাট আকবর আলী দাখিল মাদরাসার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিয়োগ অনুমোদনক্রমে নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে জনাব মোঃ সাদেকুল ইসলাম ০১-০১-২০১৮ খ্রিঃ তারিখে যোগদান করেন মর্মে সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে জানা যায়।


০২. সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে উপস্থাপিত রেকর্ড পত্র পর্যালোচনা দেখা যায় যে, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের ডিজির প্রতিনিধির সমন্বয়ে গঠিত ০৫ সদস্য বিশিষ্ট নিয়োগ কমিটি কর্তৃক ৩০-১২-২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষায় জনাব মোঃ সাদেকুল ইসলাম নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে সুপারিশকৃত হয়ে জনবল কাঠামো অনুযায়ী শূন্য পদে যোগদান করেন।

০৩. প্রাপ্ত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণকারী জনাব মোঃ মিজানুর রহমান ০৮ জন প্রার্থীর মধ্যে ৪র্থ স্থান অধিকার করেন। উল্লেখ্য যে উক্ত মিজানুর রহমান নিয়োগ পরীক্ষায় বহুবিধ অভিযোগ আনয়ন করে ০২-০১-২০১৮ খ্রিঃ তারিখে ময়মনসিংহের বিজ্ঞ যুগ্ম জেলা জজ ২য় আদালতে ০১টি মোকদ্দমা দায়ের করেন যার নং-০১/২০১৮(অন্য প্রকার)।

০৪. সূত্রে বর্ণিত স্মারকের সাথে সংযুক্ত কাগজপত্র পর্যালোচনায় আরো দেখা যায় যে, জনাব মোঃ মিজানুর রহমান কর্তৃক দায়েরকৃত মামলার প্রেক্ষিতে বিজ্ঞ যুগ্ম জেলা জজ আদালত হতে বর্ণিত নিয়োগ/এমপিও এর বিষয়ে নিষেধাজ্ঞা প্রদান করা হয় নি।

০৫. নবনিয়োগ প্রাপ্ত জনাব মোঃ সাদেকুল ইসলামের নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে এমপিও ভুক্তির বিষয়ে আইনগত মতামত হলো, “এমপিও ভুক্তির অন্যান্য শর্তাবলী পূরণ থাকলে সংশ্লিষ্ট কর্মচারীর এমপিও ভুক্ত হতে আইনগত কোন বাধা নেই।”

০৬. এমতাবস্থায় উপরিউক্ত বর্ণনার আলোকে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন কাউরাট আকবর আলী দাখিল মাদরাসায় নব নিয়োগকৃত নিম্নমান সহকারি কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ সাদেকুল ইসলামের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
মোবাইল : ০১৭৫১৫৬০৯৯২

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
গৌরীপুর, ময়মনসিংহ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সুপার, কাউরাট আকবর আলী দাখিল মাদরাসা, উপজেলাঃ-গৌরীপুর, জেলাঃ-ময়মনসিংহ।
- ৫। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, কাউরাট আকবর আলী দাখিল মাদরাসা, উপজেলাঃ-গৌরীপুর, জেলাঃ-ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।